

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2014
PART-III

বাংলা - সাম্মানিক

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক ।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

- ১) যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ১০ = ২০
- ক) প্রবন্ধসাহিত্য বলতে কী বোঝো ? যথোপযুক্ত উদাহরণের সাহায্যে বস্তুনিষ্ঠ (বা objective)
প্রবন্ধ ও ব্যক্তিনিষ্ঠ (বা subjective) প্রবন্ধের প্রকৃতি বিশ্লেষণ করো । ২ + (৪ + ৪)
- খ) মনস্তত্ত্বমূলক অথবা মাস্ট্রীয় সাহিত্যসমালোচনা পদ্ধতির বিভিন্ন লক্ষণ বা বৈশিষ্ট্যগুলি আলোচনা
করো । তোমার আলোচিত সাহিত্যসমালোচনারীতিটি বাংলা সাহিত্যের ক্ষেত্রে কতটা গ্রহণযোগ্য
উদাহরণসহ তার বিচার করো । ৫ + ৫
- গ) ব্যক্তিগত পত্র কেন গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে বুঝিয়ে দাও । বাংলা পত্রসাহিত্য সম্পর্কে একটি
অনতিদীর্ঘ আলোচনা করো । ৫ + ৫
- ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো দুটি) : ৫ + ৫
- (অ) ঐতিহাসিক সাহিত্য সমালোচনা
- (আ) রম্যরচনা
- (ই) ডায়ারি-সাহিত্য ।
- ২) অনেক সমালোচকই মনে করেন - বঙ্কিমচন্দ্রের জীবনাদর্শ ও জীবনদর্শনই 'কমলাকান্তের দপ্তর'-এর অন্তর্ভুক্ত
কমলাকান্ত চরিত্রটির ব্যক্তিত্ব নির্মাণ করেছে, প্রাসঙ্গিক প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো । ১৫

অথবা

“সকলেরই এক একটি বহি আছে — সকলেই সে বহিতে পুড়িয়া মরিতে চাহে ... ।” — কোন্ প্রবন্ধের অংশ ? ‘বহি’ বলতে উক্ত প্রবন্ধে কী বোঝানো হয়েছে ? উক্ত অংশটি অবলম্বনে প্রবন্ধটি আলোচনা করো ।

১ + ৫ + ৯

৩) ‘স্বপ্নপত্র’-র অন্তর্ভুক্ত চিঠিগুলির ব্যয়ানে রবীন্দ্রসাহিত্যের বিবিধ উপকরণ কতভাবে প্রচ্ছন্ন হয়ে রয়েছে তা যথাযথ উদাহরণ সহযোগে আলোচনা করো ।

১৫

অথবা

‘স্বপ্নপত্র’ রচনায় একদিকে রয়েছে প্রকৃতির অসামান্য বর্ণনা, অন্যদিকে রয়েছে সেই নিসর্গ প্রকৃতি সম্পর্কে কবির সুগভীর উপলব্ধি — বিষয়টি প্রাসঙ্গিক পত্রাবলি অবলম্বনে বিশ্লেষণ করো ।

১৫

৪) রাষ্ট্রভাষা রূপে হিন্দিকে গ্রহণ করার পক্ষে ও বিপক্ষে প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায় কী কী যুক্তি উপস্থাপন করেছেন, তা ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো ।

১৫

অথবা

কৃষিপ্রধান ভারতবর্ষীয় সমাজের কৃষিকেন্দ্রিক বিভিন্ন সমস্যার কথা ও তার সমাধান-প্রসঙ্গ ‘কৃষিসমস্যা ও আমরা’ প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও ।

১৫

৫) “কেমন করে রবীন্দ্রনাথকে এড়াতে পারবো — অবচেতন, কখনো বা চেতন মনেই এই চিন্তা কাজ করে গেছে এঁদের মনে ... ।” — কোন্ প্রবন্ধে, কাদের সম্পর্কে, কে এই ভাবনা ব্যক্ত করেছেন ? প্রাবন্ধিকের এই মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো ।

২ + ১৩

অথবা

“জীবন সহিত্যের মধ্যে মুকুরিত হয় আবার সাহিত্যের থেকেও জীবন সংগ্রহ করে উপজীব্য, পরিণতির প্রেরণা ও বিকাশের আভাস।” কোন্ প্রবন্ধে কার উক্তি ? প্রবন্ধকারের এই ভাবনাসূত্রটি প্রাসঙ্গিক প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো ।

২ + ১৩

৬) নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

২০

ক) প্রাগাধুনিক বাংলা সাহিত্যে সমাজচিন্তা ও সমাজজীবন

খ) রবীন্দ্রনাথের ছোটগল্পে শিশু ও কিশোর চরিত্র

গ) বাংলার নবজাগরণ ও বাংলা সাহিত্য

ঘ) স্বাধীনতা-পরবর্তী বাংলা ছোটগল্প ও গল্পকার

ঙ) উনিশ শতকে বাংলা নাটকে বিষয় বৈচিত্র্য

চ) বাংলা সাহিত্যে লিটল ম্যাগাজিন আন্দোলনের অবদান ।